

**পদার্থ বিদ্যা ও  
রসায়নে ও অমের  
নোবেল পুরস্কার**

স্টকহোম, ১৪ই অক্টোবর (রব-  
স্প)।—চিকাগো বিশ্ববিদ্যালয়ের  
জেমস কেব্রনীন ও প্রিন্সটোন বিশ্ব-  
বিদ্যালয়ের ভ্যাল ফিচকে আজ পদার্থ  
বিদ্যা ১৯৪৩ সালের নোবেল পুর-  
স্কার দেওয়া হয়।

এছাড়াও রসায়ন শাস্ত্রে স্ট্যান-  
ফোর্ড বিশ্ববিদ্যালয়ের পল বাগ ও  
হারভার্ড বিশ্ববিদ্যালয়ের ওয়াল্টার  
গিলবার্ট এবং বৃটেনের ক্যামব্রিজ  
বিশ্ববিদ্যালয়ের ফেডারিক স্যাসারকে  
১৯৪০ সালের নোবেল পুরস্কার

**নোবেল পুরস্কার**

(১-এর পর)

দেওয়া হয়েছে। পল বাগ ও ওয়াল্টার  
গিলবার্ট উভয়েই যুক্তরাষ্ট্রের  
লোক।

রয়েল সুইডিশ বিজ্ঞান একাডেমী  
পদার্থ বিজ্ঞানে প্রফেসর ফেরনীন ও  
প্রফেসর ফিচকে আণবিক কাণিকার  
ক্ষেত্রে তাদের আবিষ্কারের জন্য ৮  
লাখ ৮০ হাজার ক্রুউন (২ লাখ ২২  
হাজার ডলার) মূল্যের এ পুরস্কার  
প্রদান করে।

রয়েল সুইডিশ বিজ্ঞান একাডেমী  
বায়োকর্মেটিস্টিতে নিউক্লিইক এসিড  
মৌলিক গবেষণার জন্য প্রফেসর পল  
বাগকে ৮ লাখ ৮০ হাজার ক্রুউন  
মূল্যের এ পুরস্কারের অর্ধেক প্রদান  
করে ও অপর অর্ধেক প্রদান করে  
প্রফেসর ওয়ালটার গিলবার্ট ও প্রফে-  
সর স্যাসারকে নিউক্লিইক এসিডে  
মৌলিক সিকোয়েন্স নিরূপণে তাদের  
অবদানের জন্য।

বৃটেনের প্রফেসর ফেডারিক  
স্যাসারের রসায়ন শাস্ত্রে এটা  
দ্বিতীয়বার নোবেল পুরস্কার লাভ।  
ইতিপূর্বে ১৯৫৪ সালেও তিনি  
রসায়ন শাস্ত্রে নোবেল পুরস্কার  
পান।